

নিম্ন আদালতের (জজকোর্ট) রেজিস্ট্রেশন সংক্রান্ত নির্দেশিকাঃ-

রেগুলার, রি-রেজিস্ট্রেশন ও ব্যারিস্টার সকল প্রকার প্রার্থীদের জন্য প্রযোজ্যঃ

নিম্নলিখিত ধাপগুলি অনুসরণ করিয়া একজন প্রার্থী রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করিতে পারিবেন

১ম ধাপ	অনলাইন ফরম পূরণ লিংক	bar.teletalk.com.bd/lower-court/registration/
	আবেদনকারীর প্রকারভেদ	<ul style="list-style-type: none">রেগুলার প্রার্থী [যে সকল প্রার্থীর ইতিপূর্বে কখনই বার কাউন্সিলের রেজিস্ট্রেশন ছিল না, অর্থাৎ নতুন প্রার্থী]রি-রেজিস্ট্রেশন প্রার্থী [যে সকল প্রার্থীর ইতিপূর্বে বার কাউন্সিলের রেজিস্ট্রেশন প্রাপ্ত হয়েছিলেন]বার-এট ল' বা ব্যারিস্টার উল্লিখিত তিন প্রকার প্রার্থীর ক্ষেত্রেই উপরোক্ত লিংক প্রযোজ্য। অনলাইন আবেদন ফরমের শেষদিকে রেগুলার/রি-রেজিস্ট্রেশন/বার-এট-ল' উল্লেখ করিতে হইবে এবং চূড়ান্ত সাবমিট করিতে হইবে। ফরমটি সাবমিট করিবার পর প্রার্থী একটি স্বতন্ত্র ইউজার আইডি প্রাপ্ত হইবেন।
২য় ধাপ	প্রিন্ট	পিডিএফ(PDF) ফাইলটি ডাউনলোড করুন। অতঃপর ফরম অংশ অর্থাৎ ১-৩ পৃষ্ঠা পর্যন্ত কার্টিজ পেপারে প্রিন্ট এবং এফিডেভিট অংশ ৪-৬ পৃষ্ঠা পর্যন্ত নন-জুডিসিয়াল স্ট্যাম্প এবং শেষ পৃষ্ঠা সাদা কাগজে প্রিন্ট করিয়া লইতে হইবে। তবে, বার এট-ল' বা ব্যারিস্টার প্রার্থীদের ক্ষেত্রে এফিডেভিট না থাকার কারণে নন জুডিসিয়াল স্ট্যাম্পের প্রয়োজন নাই।
৩য় ধাপ	ফরমের সহিত সংযুক্ত কাগজপত্রাদি	<ul style="list-style-type: none">সকল প্রকার সার্টিফিকেট ও মার্কসিট (এস.এস.সি হইতে মাস্টার্স পর্যন্ত)। সার্টিফিকেট ও মার্কসিটের অনলাইন কপি গ্রহণযোগ্য নয়।এনআইডি, পাসপোর্ট সাইজের ৩ কপি ছবি, রি-রেজিস্ট্রেশনধারী প্রার্থী হইলে পূর্বের রেজিস্ট্রেশন কার্ড এর কপি।বিদেশ হইতে অর্জিত ডিগ্রীর জন্য ইকুইভ্যালেন্স সার্টিফিকেটের কপি।এফিডেভিট (১০০+১০০+১০০=৩০০/- টাকা মূল্যমানের ননজুডিসিয়াল স্ট্যাম্প সম্পন্ন করিতে হইবে) [অর্থাৎ প্রয়োজনীয় সকল কাগজপত্র স্ব স্ব সিনিয়র কর্তৃক সত্যায়ন অথবা সত্যায়নের ক্ষেত্রে সিনিয়রের বিকল্প হিসাবে যেকোন ১ম শ্রেণীর গেজেটেড অফিসার বা নোটারী পাবলিক বা বার এসোসিয়েশনের বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক দ্বারা সত্যায়ন করা যাইবে।]
৪র্থ ধাপ	এফিডেভিট সত্যায়ন	<ul style="list-style-type: none">নোটারী পাবলিক অথবা ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট কর্তৃক নোটারী করিতে হইবে।
৫ম ধাপ	আবেদনের হার্ড কপি দাখিল	আবেদনের হার্ডকপি ৩০ দিনের মধ্যে বার কাউন্সিলে দাখিল করিতে হইবে, অন্যথায় ফরমটি বাতিল হইবে। উক্ত ৩০ দিন সিনিয়রের সহিত চুক্তির তারিখ হইতে গণনা হইবে। আবেদনের হার্ডকপি বিধি মোতাবেক যথাসময়ে বার কাউন্সিলে দাখিল না করিলে আবেদন প্রক্রিয়া সম্পন্ন হইবে না।
৬ষ্ঠ ধাপ	প্রার্থী কর্তৃক দাখিলকৃত আবেদন ফরমের অবস্থান যাচাই	উক্ত ফাইলটি বর্তমানে কি অবস্থায় আছে, তাহা প্রার্থী নিজ ইউজার আইডি ব্যবহার করিয়া অনলাইনে চেক করিতে পারিবেন। এ বিষয়ে মোবাইলে কোন SMS প্রদান করা হয় না। ফাইলের স্ট্যাটাস জানিতে পাশে বর্ণিত লিংকে ভিজিট করুনঃ- https://rb.gy/9wvalf
৭ম ধাপ	ফি প্রদান	ফাইল অনুমোদন (Approved) হইলে নির্ধারিত ফি-১০৮০/- টাকা টেলিটক সিমের মাধ্যমে জমা প্রদান করিবেন। ফি পরিশোধের নিয়মঃ- 1st SMS: BAR<space>USER ID and send to 16222 Reply: Applicants Name, Lower Court Registration and PIN 2nd SMS: BAR<space>YES<space>PIN and send to 16222 Reply: Congratulations, Confirmation of payment with USER ID & PASSWORD
৮ম ধাপ	রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ	ফি প্রদান সম্পন্ন হইবার পর প্রার্থী মোবাইলে পাসওয়ার্ড পাবেন অতঃপর ইউজার আইডি + উক্ত পাসওয়ার্ড ব্যবহার করিয়া প্রার্থী নিজেই অনলাইন হইতে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করিয়া নিবেন। রেজিস্ট্রেশন ডাউনলোড লিংকঃ https://rb.gy/9wvalf